Department of Education
Chancellor Richard A. Carranza

27 জুলাই, 2020

প্রিয় পরিবারবর্গ,

আমি আশা করছি আপনারা এবং আপনাদের সন্তানেরা ভালো আছেন এবং এই গ্রীষ্মকালীন অবসর উপভোগ করছেন। আমরা দেখতে দেখতেই সেপ্টেম্বর চলে আসবে, এবং আমি 2020–21 শিক্ষা বছর সম্পর্কে সর্বশেষ তথ্য প্রদান করতে এবং কীভাবে আলোচনার অংশ হতে পারেন তা আপনি জানেন সেটা নিশ্চিত করতে আমি লিখছি। এই গ্রীষ্মজুড়ে, ফল-এর (হেমন্তকালের) কার্যক্রম সুস্পষ্ট করতে আমরা যখন নিরলসভাবে কাজ করে যাচ্ছি, আমরা যা জানি—এবং যা আমরা এখনো জানি না সেবিষয়ে আমরা স্বচ্ছতা বজায় রাখার অঙ্গীকার করছি।

আপনার শিক্ষার বিকল্পসমূহ

প্রথম বিষয় প্রথম: বাড়ি থেকেই হোক কিংবা সশরীরেই হোক, নিউ ইয়র্ক সিটি শিক্ষার্থীরা সপ্তাহের পাঁচদিনই শিখবে। পূর্বের ঘোষণা অনুযায়ী, স্কুলগুলো মিশ্র শিক্ষা ব্যবস্থার জন্য পরিকল্পনা করছে, যেটায় শিক্ষার্থীরা সপ্তাহের কিছু অংশ স্কুল ভবনে শিক্ষা গ্রহণ করবে, এবং সপ্তাহের অন্য দিনগুলোতে বাড়ি থেকে শেখা অব্যাহত রাখবে। যেকোনো পরিবার যেকোনো কারণে পুরোটাই দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং) বেছে নিতে পারে। আমরা জানি যে অধিকাংশ পরিবার যতটা সম্ভব নিরাপদে যতটা সম্ভব সশরীরে উপস্থিত হয়ে শিক্ষা নির্দেশনা চায়, এবং স্বাস্থ্য এবং সুরক্ষার শর্তের সাথে সামঞ্জস্যপূর্ণ রেখে আমরা প্রতিটি ক্ষেত্রে সেটা সর্বোচ্চ সম্প্রসারণ করতে কাজ করবো। কিন্তু, আপনি যদি আপনার সন্তানের জন্য পুরোপুরি দূর থেকে শিক্ষা (অল-রিমোট লার্নিং) বেছে নিতে চান এবং আমাদের এখনও অবহিত করেননি, অনুগ্রহ করে আমাদের 7 অগাস্টের মধ্যে জানাবেন, যেন স্কুল সেই অনুযায়ী পরিকল্পনা গ্রহণ করতে পারে। আপনি একটি ওয়েব ফর্ম পূরণ করতে পারেন schools.nyc.gov/returntoschool2020 -সাইটে অথবা ফোন করুন 311 নাম্বারে।

আপনাকে আরো সজ্ঞাত পছন্দ বেছে নেয়া সক্ষম করতে, আপনারা প্রতিটি শিক্ষা ব্যবস্থায় কী পেতে পারেন সেবিষয়ে আমরা কিছু গুরুত্বপূর্ণ তুলনা প্রস্তুত করেছি, যা আপনি এই চিঠির শেষে পাবেন। যেসব পরিবার পুরোপুরি দূর থেকে শিক্ষা (অল-রিমোট) নির্দেশনা বেছে নেবে তারা নভেম্বরের শুরু থেকে, ত্রিমাসিক ভিত্তিতে পুরো স্কুল বছরজুড়ে মিশ্র শিক্ষা ব্যবস্থায় ফিরে যেতে পারবেন।

আপনি স্কুলে সশরীরে অথবা দূর থেকে (রিমোট) শিক্ষা যেটাতেই থাকুন না কেন, আপনি এবং আপনার সন্তান এনরোলকৃত এবং আমাদের স্কুল কমিউনিটির অংশ থাকবেন। আপনার সন্তানের সময়সূচি এবং শিক্ষা অভিজ্ঞতা পুরোপুরিভাবে আপনা স্কুল পরিচালনা করবে। বেশীরভাগ শিক্ষার্থী যারা পুরোপুরি দূর থেকে শিক্ষায় (অল রিমোট লার্নিং) অংশগ্রহণ করবে তাদের স্কুলের শিক্ষকগণ তাদের শিক্ষণ প্রদান করবেন। যদিও একটি একটি করে স্কুল ভিত্তিতে কিছু সীমিত ব্যতিক্রম থাকতে পারে, শিক্ষা বছর শুরু হবার আগে যখন আপনার সন্তান পুরো সময়সূচি পাবে তখন তার শিক্ষক নির্ধারণ করা হবে বলে আপনি প্রত্যাশা করতে পারেন।

আমাদের পরিকল্পনা অব্যাহতভাবে সমন্বিত হওয়ার পথে, আমাদের অবশ্যই দ্রুততা বজায় রাখতে হবে। গণ স্বাস্থ্য পরিস্থিতির অব্যাহত বিবর্তনের সাথে আমরা সামঞ্জস্যতা বজায় রাখবো।

কীভাবে আরও জানা যাবে

প্রতি সপ্তাহে, আমরা স্কুল কার্যক্রম সম্পর্কে আরো তথ্য schools.nyc.gov/returntoschool2020 -সাইটে প্রদান করবো। অনুগ্রহ করে এই পেইজটি বুকমার্ক করে রাখুন এবং প্রায়শই দেখুন। এই পেইজে, ফিজিক্যাল এডুকেশন (শরীরচর্চা শিক্ষা), আর্টস্

Department of Education
Chancellor Richard A. Carranza

শিক্ষা, এবং অনেক কিছু সম্পর্কে আপনি তথ্য পাবেন। আমাদের শিক্ষক, প্রিন্সিপ্যাল, এবং স্কুল-ভিত্তিক কর্মীদের সাথে একযোগে আমরা ব্যাপক পরিকল্পনা করার সময় আমরা আপনার ধৈর্য ও নমনীয়তা অনুরোধ করছি।

আমাদের অব্যাহত কাজের জন্য আপনার মতামত এবং প্রতিক্রিয়ামূলক অভিমত অপরিহার্য। আমরা আসন্ন বছরে DOE-এর সাথে আপনার আলোচনার অনেক সুযোগ সৃষ্টি করছি, এবং আমরা আশা করছি আপনি সম্পৃক্ত হবেন। আমরা 16 জুলাই আমাদের প্রথম সিটিব্যাপী তথ্য অধিবেশন আয়োজন করেছি, এবং সিটিজুড়ে পরিবারদের কাছ থেকে অনেক চমৎকার পরামর্শ পেয়েছি। অনুগ্রহ করে মঙ্গলবার, 28 জুলাই; বুধবার, 12 অগাস্ট; এবং বৃহস্পতিবার, 27 অগাস্ট-এর আসন্ন তথ্য অধিবেশনগুলোর একটিতে আমাদের সাথে যোগ দিন। রেজিস্টার এবং একটি প্রশ্ন জমা দিতে আপনি schools.nyc.gov/returntoschool2020 ভিজিট করতে পারেন।

অতিরিক্তভাবে, প্রতিটি স্কুল প্রস্তাবিত স্কুলের সময়সূচি এবং আসন্ন বছরের পরিকল্পনা পর্যালোচনা করার জন্য একটি প্যারেন্ট মিটিংয়ের আয়োজন করবে, এবং আমরা কমিউনিটি ও প্রবক্তাদের (অ্যাডভোকেট) সাথে গোল-টেবিল বৈঠক, কমিউনিটি এডুকেশন কাউন্সিল নেতৃবৃন্দ ও নির্বাচিত কর্মকর্তাদের সাথে পর্যালোচনা, আরো অনেক কিছুর আয়োজন করবো।

আমাদের পারিপার্শ্বিক বিশ্ব যখন পরিবর্তিত হয়ে যাচ্ছে, সমতা এবং শ্রেষ্ঠত্বের প্রতি আমাদের লক্ষ্যের পাশাপাশি, আমাদের শিক্ষার্থী, শিক্ষক, স্টাফ, ও পরিবারদের স্বাস্থ্য ও সুরক্ষার প্রতি আমাদের দৃঢ় অঙ্গীকার অব্যাহত রয়েছে। সকল বয়সী নিউ ইয়র্কবাসী এই সঙ্কটে যে মানসিকভাবে আঘাতপ্রাপ্ত হয়েছে সেটা মাথায় রেখে, শিক্ষাগত সফলতায় আপনার সন্তানের যা প্রয়োজন আমরা তা প্রদান করবো। যেকোনো ক্ষেত্রেই, আপনার সন্তান স্বাগত বোধ করবে এবং তাদের স্কুল কমিউনিটিতে সহায়তা পাবে তা আমরা নিশ্চিত করবো।

আপনার অভিমত এবং প্রশ্নাবলী অব্যাহতভাবে শেয়ার করার জন্য ধন্যবাদ। আমি আগেও বলেছি, এবং তা এখনও কোনো অংশেই কম সত্য নয়: আপনার হচ্ছে সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশীদার এবং আমি আপনাদের প্রতি আজ ও প্রতিদিন কৃতজ্ঞ। অনুগ্রহ করে নিরাপদ এবং সুস্থ থাকবেন।

বিনীত,

রিচার্ড এ. কারানজা (Richard A. Carranza)
চ্যান্সেলর
নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন

Department of Education
Chancellor Richard A. Carranza

<table>
<tr><th colspan="2">দূর থেকে বা রিমোট এবং মিশ্র শিক্ষা অভিজ্ঞতার তুলনা: শিক্ষা বছর 2020-21</th></tr>
<tr><th>পুরোপুরি দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং) অভিজ্ঞতা
বাড়িতে পুরোপুরি দূর থেকে (রিমোট) শিক্ষা নির্দেশনা</th><th>মিশ্র বা ব্লেন্ডেড শিক্ষা অভিজ্ঞতা
সশরীরে স্কুল ভবনে শিক্ষা এবং বাড়িতে দূর থেকে (রিমোট) শিক্ষা নির্দেশনার মিশ্রণ</th></tr>
<tr><td>বাড়িতে প্রতিদিন বয়স অনুযায়ী, মান অনুযায়ী দূর থেকে শিক্ষায় (রিমোট লার্নিং) নিয়মিত সময়সূচিতে শিক্ষার্থীরা অংশগ্রহণ করে।

• শিক্ষার্থীরা শিক্ষকদের সাথে প্রতিদিন সরাসরি আলোচনায় সম্পৃক্ত হবে।

• প্রতিটি ক্লাসের সরাসরি শিক্ষা নির্দেশনা থাকবে। বৃদ্ধিজনিত যতটুকু উপযুক্ত সেটার ভিত্তিতে, গ্রেড অনুযায়ী পরিমাণ ভিন্ন হবে।

• পাঠ বা লেসন এবং কাজ জমা দেয়ার জন্য, শিক্ষার্থীরা একটি DOE-অনুমোদিত অনলাইন প্ল্যাটফর্ম (যেমন আইলার্নNYC (iLearnNYC) অথবা গুগল ক্লাসরুম) ব্যবহার করবে, যা একাধিক ভাষায় পাওয়া যায়।

• শিক্ষার্থীরা অনলাইন পরিবেশে, ছোট দল এবং/অথবা ব্যক্তিগত শিক্ষা নির্দেশনা সহ পুরো ক্লাসের অভিজ্ঞতা অর্জন করবে, এবং এর পাশাপাশি সহপাঠী এবং শিক্ষকদের সাথে সম্পৃক্ত হবে।

• বছর জুড়ে শিক্ষার্থীরা যেন একই শিক্ষা নির্দেশনা অব্যাহতভাবে গ্রহণ করে তা নিশ্চিত করে আমরা সব রকম চেষ্টা করবো।

• শিক্ষার্থী ও স্টাফদের মানসিক স্বাস্থ্য এবং মঙ্গল নিশ্চিত করতে স্কুল কমিউনিটি জুড়ে সামাজিক-আবেগজনিত শিক্ষণে জোড় দেয়া হবে।

• শিক্ষার্থীরা ভিডিও রেকর্ডকরা লেসন, অ্যাসাইনমেন্ট, এবং অর্পিত দায়িত্ব বা টাস্ক দেখতে সক্ষম হবে।

• শিক্ষার্থীর কাজ যাচাই করতে, সময়মত মতামত প্রদান করতে, এবং প্রয়োজন অনুযায়ী শিক্ষা নির্দেশনা পরিবর্তন করতে শিক্ষকগণ দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং) প্ল্যাটফর্ম, ফোন কল, ইমেইল, ভিডিওর মাধ্যমে আলাপ বা চ্যাট, ইত্যাদির মাধ্যমে শিক্ষার্থী ও পরিবারদের সাথে নিয়মিতভাবে আলাপ-আলোচনা করা হবে।

• শিক্ষা নির্দেশনা কর্মকাণ্ডে সাহায্য পেতে শিক্ষার্থী এবং পরিবারদের একক সহায়তা পাবার সুযোগ রয়েছে।</td><td>শিক্ষার্থীরা স্কুল ভবনে উপযুক্ত বয়স অনুযায়ী, মান অনুযায়ী, কিছু দিন সশরীরে শিক্ষা নির্দেশনা গ্রহণ করবে; এবং সপ্তাহের অন্য দিনগুলোতে বাড়ি থেকে তাদের শিক্ষা নির্দেশনা গ্রহণ করবে।

• সশরীরে ক্লাসের দিনগুলোতে, শিক্ষার্থীরা তাদের স্কুল ভবনে ক্লাসে যোগ দেবে।

• সশরীরে ক্লাসের দিনগুলোতে, শিক্ষার্থীরা সহপাঠী ও শিক্ষকদের সাথে একযোগে পুরো ক্লাসে, ছোট দলে, এবং এককভাবে কাজ করার সুযোগ পাবে।

• পাঠ বা লেসন এবং কাজ জমা দেয়ার জন্য, শিক্ষার্থীরা একটি DOE-অনুমোদিত অনলাইন প্ল্যাটফর্ম (যেমন আইলার্নNYC (iLearnNYC) অথবা গুগল ক্লাসরুম) ব্যবহার করবে, যা একাধিক ভাষায় পাওয়া যায়।

• আমরা সশরীরে ও দূর থেকে শিক্ষার্থীদের একগুচ্ছ নিয়মিত শিক্ষক দ্বারা শিক্ষাদান নিশ্চিত করতে আমরা সর্বোচ্চ চেষ্টা করবো, যারা সারা বছর জুড়ে চলমানতা ও সর্বোচ্চ শেখা অব্যাহত রাখবেন।

• শিক্ষার্থী ও স্টাফদের মানসিক স্বাস্থ্য এবং মঙ্গল নিশ্চিত করতে স্কুল কমিউনিটি জুড়ে সামাজিক-আবেগজনিত শিক্ষণে জোড় দেয়া হবে।

• শিক্ষার্থীরা ভিডিও রেকর্ডকরা লেসন, অ্যাসাইনমেন্ট, এবং অর্পিত দায়িত্ব বা টাস্ক দেখতে সক্ষম হবে।

• শিক্ষার্থীর কাজ যাচাই করতে, সময়মত মতামত প্রদান করতে, এবং প্রয়োজন অনুযায়ী শিক্ষা নির্দেশনা পরিবর্তন করতে শিক্ষকগণ সশরীরে এবং দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং) প্ল্যাটফর্ম, ফোন কল, ইমেইল, ভিডিওর মাধ্যমে আলাপ বা চ্যাট, ইত্যাদির মাধ্যমে শিক্ষার্থী ও পরিবারদের সাথে নিয়মিতভাবে আলাপ-আলোচনা করা হবে।

• শিক্ষা নির্দেশনা কর্মকাণ্ডে সাহায্য পেতে শিক্ষার্থী এবং পরিবারদের একক সহায়তা পাবার সুযোগ রয়েছে।</td></tr>
</table>